যুগান্তর

তারিখ 07 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# ঢাবিতে ভর্তির অনলাইনে আবেদন শেষ হচ্ছে আজ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া শেষ হচ্ছে আজ রাত ১২টায়। ২২ আগস্ট সোমবার সকাল ১০টায় আবেদনপত্র গ্রহণ প্রক্রিয়া শুরু হয়।

ভর্তিচ্ছু শিক্ষার্থীরা আগামী ৮ সেপ্টেম্বর পর্যন্ত ব্যাংক সার্ভিস চার্জ ও অনলাইন সার্ভিস ফিসহ নির্ধারিত ভর্তি পরীক্ষার ফি ৩৫০ টাকা জমা দিতে পারবে। প্রবেশপত্র ডাউনলোড করা যাবে— 'খ' ও 'চ' ইউনিট ১১ সেপ্টেম্বর বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত এবং 'ক', 'গ', 'ঘ' ইউনিট ১৫ সেপ্টেম্বর বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। এছাড়া পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (http://admission.eis.du.ac.bd) জানা যাবে।